

চট্টগ্রামে মাদ্রাসা ছাত্রদের  
ওপর যৌন নির্যাতনের  
অভিযোগে মামলা দায়ের

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম মহানগরীর  
ওলকবহরে অবস্থিত আল জামেয়াতুল  
মাদানীয়া কাশেমুল উলুম মাদ্রাসার ছাত্রদের  
যৌন নিপীড়নের ঘটনায় অবশেষে সোমবার  
মুখ্য মহানগর হাকিমের আদালতে মামলা  
হয়েছে। নিপীড়নের শিকার এক ছাত্র বাদী  
হয়ে বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন  
সংস্থার আইনী সহায়তায় মামলা দায়ের  
করে। আদালত অভিযোগের তদানিশেষে  
পাঁচলাইশ ধানার ওসিকে অভিযোগটি  
এজাহার হিসেবে গ্রহণ করে ফৌজদারী  
কার্যবিধির ১৭৩ ধারায় ব্যবস্থা গ্রহণের  
নির্দেশ দিয়েছে। মামলার অভিযোগে বলা  
হয়েছে, আসামীদ্বয় যথাক্রমে মাদ্রাসার  
খতিব মৌলামা-সাইদুল ইসলাম ও শিক্ষক  
হাজি ইউসুফ প্রায়ই বিভিন্ন ছাত্রের উপর  
যৌন নির্যাতন চালিয়েছে।